

স্নাতকোত্তর ডিগ্রি প্রোগ্রাম (**Post-Graduate Degree Programme**)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা (**Term End Examination**) : ডিসেম্বর, ২০২৪

বাংলা (**Bengali**)

সপ্তম পত্র – ঘ (**7D Paper**)

LOKSAHITYA

সময় : চার ঘণ্টা

Time : 4 hours

পূর্ণমান : ১০০

Full Marks : 100

(মানের গুরুত্ব : ৮০%)

(Weightage of Marks : 80%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

Special credit will be given for precise and correct answer. Marks will be deducted for spelling mistakes, untidiness and illegible handwriting. The figures in the margin indicate full marks.

১। প্রতিটি বর্গ থেকে একটি করে নিয়ে মোট দুটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪৫০ শব্দে) :

১৮ × ২ = ৩৬

‘ক’ বর্গ

ক) উদাহরণসহ ‘মোটফ’-এর সংজ্ঞা দিন। লোকসাহিত্য চর্চায় ‘মোটফ-ইনডেক্স’ এর গুরুত্ব বিচার করুন। ৬ + ১২

খ) মনস্তাত্ত্বিক পদ্ধতি বলতে কী বোঝায় ? বাংলা লোককথা চর্চার ক্ষেত্রে এই পদ্ধতি কতটা কার্যকরী, উদাহরণসহ দেখান। ৬ + ১২

‘খ’ বর্গ

গ) লুইস এইচ মর্গানের অনুসরণে সভ্যতার স্তর বিভাজন করে প্রতিটা স্তরের বৈশিষ্ট্যের পরিচয় দিন। ৬ + ১২

ঘ) পরিশীলিত সঙ্গীত ও লোকসঙ্গীতের পার্থক্য নির্ণয় করে, বাংলা লোকসঙ্গীতের অঞ্চলভিত্তিক রূপটি তুলে ধরুন। ৬ + ১২

২। প্রতিটি বর্গ থেকে অন্তত একটি করে নিয়ে মোট তিনটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে):

১২ × ৩ = ৩৬

‘ক’ বর্গ

ক) আদিম সংস্কৃতি, আদিবাসী সংস্কৃতি ও লোকসংস্কৃতি — পরিচয় দিয়ে পারস্পরিকতা নির্ণয় করুন।

খ) জাতীয়তাবাদী পদ্ধতি কী? লোকসংস্কৃতি চর্চায় এই পদ্ধতির উপযোগিতা আলোচনা করুন।

৪ + ৮

গ) টোটেম কী? টোটেম বিশ্বাস গড়ে ওঠার আর্থ-সামাজিক কারণসমূহের পরিচয় দিন।

৪ + ৮

‘খ’ বর্গ

ঘ) যুদ্ধনৃত্য কী? বাংলার যুদ্ধকেন্দ্রিক নৃত্যগুলোর মধ্যে প্রতিফলিত সমাজ-ইতিহাস বিবৃত করুন।

৪ + ৮

ঙ) স্থাননাম বলতে কী বোঝায়? উদাহরণসহ স্থাননাম গড়ে ওঠার বিচিত্র প্রেক্ষাপটের উল্লেখ করুন।

৪ + ৮

চ) জাদুর শ্রেণিবিভাগ আপাত একটি ভাগ মাত্র। শ্রেণিবিভক্ত জাদুগুলো আসলে পরস্পর সম্পৃক্ত — উদাহরণসহ ব্যাখ্যা করুন।

৩। যে কোনো চারটি প্রসঙ্গ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন :

৭ × ৪ = ২৮

ক) খাদ্যসংক্রান্ত ট্যাবু

খ) প্যারা-ফোকলোর

গ) ব্রতের আলপনা

ঘ) যমপট ও জাদুপট

ঙ) লোকসংস্কৃতিতে লোহা ও আগুন

চ) লোকপ্রযুক্তি

ছ) বিবাহসংক্রান্ত লোকাচার

জ) বাংলা প্রবাদে শাশুড়ি-বউ সম্পর্ক।